**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18.01.2025** **Desk in Charge :**
**Time : 7.35 A.M** **Compiling :**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়াকে ধর্ষণ, হত্যা মামলার রায় আজ আর কয়েক ঘণ্টা পরেই ঘোষণা করা হবে।

# হুগলীর গুড়াপে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনায় চুঁচুড়ার পক্সো আদালত অভিযুক্তের ফাঁসির আদেশ দিয়েছে।

২/ মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর অভিযোগে সাসপেন্ড হওয়া ১২ জন চিকিৎসকের বিরুদ্ধে কর্তৃপক্ষ থানায় FIR দায়ের করেছে।

# সাসপেনশনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে জুনিয়ার চিকিৎসকরা, আংশিক কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। পূর্ণ কর্মবিরতি এখনি কার্যকর হচ্ছে না।

৩/ প্রধানমন্ত্রী আগামীকাল আকাশবাণীতে 'মন কি বাত'-অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৪/ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করতে মুখ্যমন্ত্রী আগামী সোমবার তিন জেলা সফরে যাচ্ছেন।

৫/ ‘বাংলার বাড়ি’ প্রকল্পে বাড়ি তৈরীর প্রথম কিস্তির টাকা চলতি আর্থিক বছরের মধ্যেই দিয়ে দেওয়ার জন্য রাজ্য সরকার জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে।

৬/ ভারত ও ইংল্যান্ডের মধ্যে T-20 ক্রিকেট ম্যাচের আগে আজ শহরে আসছেন দুই দলের ক্রিকেটাররা।

*******************************************************************

RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়াকে ধর্ষন-হত্যা মামলার বহু প্রতিক্ষীত রায় ঘোষণা আজ। দুপুরে শিয়ালদা আদালতে অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের এজলাসে এই মামলার রায় ঘোষণা করা হবে। মামলায় মূল অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের পরিণতি কি হবে, তা' জানতে এরাজ্যের পাশাপাশি সারা দেশের মানুষই উৎসুক।

উল্লেখ্য গত বছরের ৯ আগস্ট আরজি করে ওই নৃশংস ঘটনা ঘটে। পাঁচ মাস তদন্ত ও মামলা চলার পর নিম্ন আদালতে রায় ঘোষণা হচ্ছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

********************

হুগলির গুড়াপে এক নাবালিকাকে ধর্ষণ করে খুন করার ঘটনায় অভিযুক্তকে চুঁচুড়া পকসো আদালত, ফাঁসির আদেশ দিয়েছে। ঘটনার তদন্তে ২৭ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়। অশোক সিংহকে দোষী সাব্যস্ত করে গতকাল ৫৪ দিনের মাথায় ফাঁসির সাজা ঘোষণা করে আদালত।

উল্লেখ্য, গত ২৪ নভেম্বর মেয়েটির বাবা দোকানে গেলে সেই সুযোগে চকলেট খাওয়ানোর প্রলোভন দেখিয়ে অভিযুক্ত অশোক সিং পাঁচ বছরের ঐ নাবালিকাকে বাড়িতে নিয়ে যায়। তারপর তাকে ধর্ষণ করে বলে অভিযোগ।

********************

মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর প্রেক্ষিতে সাসপেন্ড হওয়া ১২ জন চিকিৎসকের বিরুদ্ধে কর্তব্যে গাফিলতির অভিযোগ জানিয়ে কর্তৃপক্ষ থানায় FIR দায়ের করেছে। এদিকে, ওই সাসপেনশনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে জুনিয়ার চিকিৎসকরা, আন্দোলনে সামিল হয়েছেন। পরবর্তী কর্মপন্থা স্থির করতে গতকাল তাঁরা মেদিনীপুর মেডিক্যাল কলেজে এক বৈঠকে বসেন। দীর্ঘ বৈঠক শেষে রাতে জুনিয়ার চিকিৎসকের তরফে জানানো হয়, তাঁদের আন্দোলন অব্যাহত থাকবে। তবে, পূর্ণ

কর্মবিরতির ডাক দেওয়া হলেও, এখনি তা’ কার্যকর হচ্ছে না। আংশিক কর্মবিরতি চলবে। মানবিকতার কারণে ভর্তি থাকা রোগীদের জন্য জরুরী পরিষেবাও দেওয়া হবে।

এক জুনিয়ার চিকিৎসক সাংবাদিকদের বলেন- ( বাইট- জুনিয়ার ডাক্তার)

সাংবাদিক বৈঠকে জুনিয়ার চিকিৎসকের পক্ষ থেকে আরো অভিযোগ করা হয়, নিম্নমানের স্যালাইনের জেরে প্রসূতির মৃত্যু ও অসুস্থ হয়ে পড়লেও, তা’ আড়াল করতেই তাঁদের ওপর দায় চাপানো হচ্ছে। এর সপক্ষে যুক্তি দিয়ে তাঁরা বলেন, পঞ্চম প্রসূতির অস্ত্রপচারের আগে প্রথমে তাঁকে যখন স্যালাইন দেওয়া হয়, তখন তিনি অসুস্থ হয়ে পড়েন। তখন তাঁরা রোগীর আত্মীয়দের বাইরে থেকে স্যালাইন কিনে আনতে বলেন, যা প্রয়োগের পর প্রসূতি সুস্থ হয়ে ওঠেন।

চিকিৎসকদের সংগঠন ‘সার্ভিস ডক্টর্স ফোরাম’ ঐ ঘটনায় রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে। রাজ্যপালের কাছে পাঠানো এক ই-মেইলে সংগঠনের পক্ষে অভিযোগ করা হয়েছে, ময়নাতদন্তের রিপোর্টে স্যালাইন অথবা বিষক্রিয়ার কারণেই প্রসূতীর মৃত্যু হয়েছে বলে উল্লেখ থাকলেও রাজ্য সরকার দায় এড়াতে চিকিৎসকদের উপর তা চাপিয়ে দিচ্ছে।

*********************

অন্যদিকে, জাতীয় মহিলা কমিশনের চেয়ারম্যান ডাক্তার অর্চনা মজুমদার আজ মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে যাচ্ছেন। সেখানে স্ত্রী ও প্রসূতি বিভাগ পরিদর্শনের পাশাপাশি তিনি কলেজের অধ্যক্ষ, MSVP, বিভাগীয় প্রধান সহ সব চিকিৎসক ও নার্সের সঙ্গে বৈঠক করবেন। কথা বলবেন, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের সঙ্গেও। মৃতা ও অসুস্থ প্রসূতীদের বাড়িতে গিয়েও পরিবারের সদস্যদের সঙ্গে তিনি কথা বলতে পারেন বলে জানা গেছে।

প্রসূতী মৃত্যুর অভিযোগ খতিয়ে দেখতে CID-র ১০ সদস্যের একটি দল গতকাল মেদিনীপুরের কোতোয়ালি থানায় যায়। সেখানে কথাবার্তার পর প্রথমে তাঁরা যান জেলা স্বাস্থ্যভবন এবং পরে হাসপাতালের মেডিকেল সুপারের অফিসে। এরপর হাসপাতালের অধ্যক্ষের কার্যালেয় গিয়ে তাঁরা বিভিন্ন নথিপত্র খতিয়ে দেখেন।

বিজেপি মেদিনীপুর মেডিকেল কলেজে ১২জন ডাক্তারের সাসপেনশন অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, বিজেপি এই সাসপেনশনের বিরোধী।

( বাইট- শুভেন্দু )

*******************

বিভিন্ন সরকারি হাসপাতালের নার্সদের বিরুদ্ধে রোগী এবং তাঁর পরিবারের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগের প্রেক্ষিতে রাজ্যের স্বাস্থ্য দফতর তাদের সতর্ক করেছে।

এক নির্দেশিকায় বলা হয়েছে, স্বাস্থ্য পরিষেবার অন্যতম শক্তিশালী স্তম্ভ এই সেবিকারা। ভাল আচরণ, সহানুভূতিশীল ব্যবহার এবং রোগীর চিকিৎসায় নিজেকে উৎসর্গ করে শৃঙ্খলারক্ষা এই চারটি বিষয় সবসময় তাঁদের মাথায় রাখা উচিত। কিন্তু তার ব্যতিক্রম ঘটছে, যা রোগী বা তাঁর পরিবারের কাঙ্ক্ষিত নয়। এব্যাপারে পরবর্তীকালে কোনো অভিযোগ পেলে তাদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণেরও হুঁশিয়ারি দেওয়া হয়েছে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে।

*******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল ( রবিবার ১৯ শে জানুয়ারী ) আকাশবাণীতে 'মন কি বাত'-অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৮তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১ টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে।

*******************

বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী সোমবার তিন জেলা সফরে যাচ্ছেন।

তিন দিনের এই সফরে তিনি কলকাতা থেকে রওনা হয়ে প্রথমে যাবেন মুর্শিদাবাদ। সেখানে তিনি হাজারদুয়ারিতে একটি সরকারি অনুষ্ঠান মঞ্চ থেকে উপভোক্তাদের সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা তুলে দেওয়ার পাশাপাশি বেশ কিছু প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। নবাব বাহাদুর ইনস্টিটিউশন মাঠে মুখ্যমন্ত্রীর এই প্রশাসনিক সভাকে ঘিরে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। বিভিন্ন জায়গায় লাগানো হয়েছে সিসি ক্যামেরা। গুরুত্বপূর্ণ এলাকাগুলিতে বাড়ানো হয়েছে পুলিশি নজরদারি। সীমান্ত এলাকায় চলেছে নাকা তল্লাশি।

ওই দিনই সন্ধ্যায় তার মালদহে পৌঁছানোর কথা। মঙ্গলবার তিনি সেখানে প্রশাসনিক বৈঠকে অংশ গ্রহণ এবং বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিল্যান্যাস করবেন। এছাড়াও মালদায় নিহত তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকারের বাড়িতেও যেতে পারেন মুখ্যমন্ত্রী। বুধবার তাঁর আলিপুরদুয়ারের মাদারিহাটে আর একটি অনুষ্ঠানে অংশ নেওয়ার কথা রয়েছে।

********************

'বাংলার বাড়ি' প্রকল্পের ভূমিহীন উপভোক্তাদের বাড়ি তৈরির উপযুক্ত জমির ব্যবস্থা করে দিতে রাজ্য সরকার উদ্যোগী হয়েছে। চলতি আর্থিক বছরের মধ্যেই যাতে ওই উপভোক্তাদের প্রত্যেককে জমি সহ বাড়ি তৈরির প্রথম কিস্তির টাকা দিয়ে দেওয়া হয়, তা' নিশ্চিত করতে প্রত্যেক জেলাকে রাজ্য সরকারের তরফে নির্দেশ দেওয়া হয়েছে। বাংলার বাড়ি প্রকল্পে ১২ লক্ষ প্রান্তিক মানুষকে নিজস্ব কোষাগার থেকে বাড়ি তৈরির টাকা দিয়েছে।

এদিকে, বাংলার বাড়ি প্রকল্পে উপভোক্তাদের ইট, বালি, সুড়কি–সহ অন্যান্য সামগ্রী স্বাভাবিক সরবরাহ নিশ্চিত করতে জেলা শাসকদের নির্দেশ দিয়েছেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ। তিনি গতকাল নবান্ন থেকে সব জেলাশাসকদের সঙ্গে এই নিয়ে ভার্চুয়াল বৈঠক করেন।

********************

কলকাতার গার্ডেনরিচ জল প্রকল্পে পাইপলাইন সংযোগ, পাইপ লাইন মেরামতি এবং অন্যান্য যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ, কলকাতা পুরসভার সংযোজিত এলাকা সহ দক্ষিণ কলকাতার প্রায় সব অংশেই জল সরবরাহ বন্ধ থাকবে।

পুরসভা সূত্রে জানা গেছে আজ সকাল ন'টা থেকে আগামীকাল সকাল ছ'টা পর্যন্ত জল সরবরাহ বন্ধ থাকবে যাদবপুর, জোকা, বেহালা পর্ণশ্রী, সিরিটি, দাশ পাড়া, কালীঘাট, গান্ধী ময়দান, গলফগ্রিন, মেটিয়াবুরুজ, কসবা সহ দক্ষিণ কলকাতার প্রায় সর্বত্র এবং বজবজ ও মহেশতলার কিছু অংশে। আগামীকাল সকাল ৬ টার পর থেকে আবার সমস্ত এলাকায় জল সরবরাহ চালু হবে।

********************

মালদার কালিয়াচকে গত মঙ্গলবার দুষ্কৃতী হামলায় এক তৃণমূল কংগ্রেস কর্মী খুনের ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত জাকির শেখকে গ্রেপ্তার করেছে। পুলিশ গতসন্ধ্যায় যদুপুরের ৩৪ নম্বর জাতীয় সড়কের কাছ থেকে গ্রেপ্তার করে জাকিরকে। তাকে আজ মালদা আদালতে তোলা হবে।

********************

ভারত ও ইংল্যান্ডের মধ্যে আসন্ন T-20 ক্রিকেট ম্যাচকে ঘিরে কলকাতার ইডেন উদ্যানে এখন সাজো-সাজো রব। আগামী বুধবার পাঁচটি T-20 ম্যাচের সিরিজের প্রথমটিতে ভারত ও ইংল্যান্ড মুখোমুখি হবে। দুই দলের ক্রিকেটাররা আজই শহরে আসছেন।

********************

ইস্টবেঙ্গল মাঠে AIFF-এর অনূর্ধ্ব-১৭ এলিট ইউথ লিগে বেঙ্গল ফুটবল অ্যাকাডেমি, ৫-১ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে।

এদিকে, ISL ফুটবলে গতকাল মোহনবাগান সুপার জায়ান্ট ও জামশেদপুর FC-র মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে।

**********************************************************************